

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 April, 2025

বাংলাদেশ থেকে হজযাত্রীদের পরিবহণে আগামী ২৯ এপ্রিল থেকে হজ ফ্লাইট শুরু হবে। ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন হজের প্রথম ফ্লাইট উদ্বোধন করবেন। মঙ্গলবার ধর্ম মন্ত্রণালয় থেকে এ বিষয়ে জানানো হয়।

ধর্ম উপদেষ্টা জানান, ১৪৪৬ হিজরির ৯ জিলহজ্জ (চাঁদ দেখা সাপেক্ষে ২০২৫ সালের ৫ জুন) পবিত্র হজ অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ২৯ এপ্রিল থেকে হজ ফ্লাইট পরিচালিত হবে।

তিনি জানান, এ বছর ৮৭ হাজার ১০০ হজযাত্রী বাংলাদেশ থেকে পবিত্র হজ পালনের জন্য সৌদি আরব যাবেন। অনলাইন প্লাটফর্মে বাড়িভাড়ার রিকোয়েস্ট সাবমিট ও উক্ত রিকোয়েস্ট অনুমোদন না হওয়ায় ১০ হাজার ৪৮৭ জন হজ যাত্রী যেতে না পারার শংকা প্রকাশ করেন ধর্ম মন্ত্রণালয়। তবে কোনো এজেন্সির অবহেলা বা গাফলতির কারণে হজযাত্রী না যেতে পারলে সেই দায় এজেন্সির।

এ বছর হজযাত্রীদের পরিবহণ ব্যবস্থাপনার অংশ হিসেবে বিমান বাংলাদেশ এয়ারলাইনস মোট হজযাত্রীর ৪৩ হাজার ৫৫০ জন (৫০ শতাংশ) এবং সৌদিয়া এয়ারলাইনস (৩৫ শতাংশ) এবং ফ্লাইনাস এয়ারলাইনস (১৫ শতাংশ) অবশিষ্ট ৪৩ হাজার ৫৫০ জন হজযাত্রী পরিবহণ করবে।

চলতি বছর হজের খরচ গত বছরের তুলনায় ১ লাখ টাকার বেশি কমানো হয়েছে। সরকার দুটি প্যাকেজ ঘোষণা করেছে-

প্যাকেজ-১: মসজিদুল হারাম থেকে ৩ কিমি. দূরত্বে আবাসন খরচ: ৪,৭৮,২৪২ টাকা।

প্যাকেজ-২: মসজিদুল হারাম থেকে ১.৫ কিমি দূরত্বে আবাসন। খরচ: ৫,৭৫,৬৮০ টাকা।

বেসরকারি ব্যবস্থাপনায় সাধারণ প্যাকেজের খরচ নির্ধারণ করা হয়েছে ৪,৮৩,১৫৬ টাকা।

হজ ধর্ম মন্ত্রণালয় হজযাত্রী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 11:03

URL: <https://timestodaybd.com/national/670228510>